

পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ  
(পঞ্চায়েত শাখা)  
৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা-৭০০০০১

নং- ৭৭০৬/পি.এন./ও/১/৩সি-১৪/২০০৯

তাং- ১৫/১১/২০১০

প্রতি :

- ১) সভাপতি ..... জেলা পরিষদ
- ২) জেলা শাসক ও নির্বাহী আধিকারিক..... জেলা পরিষদ

বিষয়:- পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সপ্তাহ উদযাপন

মহাশয়/মহাশয়া,

পঞ্চায়েতের সঙ্গে জনগনের সম্পর্ক বাড়াতে, জনগনকে পঞ্চায়েতের কাজ সম্পর্কে সচেতন করতে, ত্রিস্তর পঞ্চায়েতের কর্মকর্তা ও সদস্যদের আরও বেশী দায়িত্বশীল ও সক্রিয় করতে এবং বিভিন্ন পঞ্চায়েতের মধ্যে স্বাস্থ্যকর প্রতিযোগিতা বাড়াতে গত বছরের ন্যায় এ বছর ১৮-৩১ শে ডিসেম্বর, ২০১০ পশ্চিমবঙ্গে রাজ্য ব্যাপী ‘পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সপ্তাহ’ উদযাপন করা হবে। এই সপ্তাহ চারটি স্তরে পালন করা হবে- রাজ্য, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতে। বিভিন্ন ধরনের প্রদর্শনী, সেমিনার, প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিভিন্ন বিষয়ে কৃতিদের পুরস্কার বিতরণ ইত্যাদির মাধ্যমে এই সপ্তাহ পালন করা হবে।

২. এই অনুষ্ঠানের সূচনা রাজ্য স্তরে ১৮ই ডিসেম্বর, ২০১০ শুরু করা হবে। রাজ্যস্তরের অনুষ্ঠানটি এ বছর বর্ধমান জেলায় অনুষ্ঠিত হবে।

৩. জেলা স্তরের অনুষ্ঠান ২২-২৩ ডিসেম্বর, ২০১০ হবে। জেলা স্তরের অনুষ্ঠান জেলা কেন্দ্রে বা কোন রূপে করা যেতে পারে।

৪. পঞ্চায়েত সমিতি স্তরে ২৭-২৮ ডিসেম্বর, ২০১০-এ অনুষ্ঠান করা হবে। অনুষ্ঠান পঞ্চায়েত সমিতিতে অথবা কোন গ্রাম পঞ্চায়েতে করা যেতে পারে।

৫. গ্রাম পঞ্চায়েত স্তরে এই অনুষ্ঠান ৩০-৩১ ডিসেম্বর, ২০১০-এ করা হবে। গ্রাম পঞ্চায়েত তার এলাকার সুবিধামত যে কোন স্থানে করতে পারে।

৬. প্রতিটি স্তরেই নির্ধারিত দিনগুলির পরে আরো দু-একদিন এই অনুষ্ঠান চালানো যেতে পারে যদি ঐ স্তরে এটি চালানোর প্রয়োজনীয়তা স্থানীয়ভাবে অনুভব করা হয়। জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েত স্থানীয় অবস্থা বিবেচনা করে প্রয়োজন হলে উল্লিখিত দিনগুলি পরিবর্তন করতে পারে।

৭। রাজ্য সরকারের পক্ষ থেকে প্রতিটি স্তরকে ‘পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সপ্তাহ’ পালন করার জন্য কিছু অর্থ বরাদ্দ করা হবে (যা পরে জানানো হবে), বাকী খরচ নিজস্ব তহবিল থেকে করতে হবে। এ ব্যাপারে প্রয়োজন হলে অন্যান্য সংস্থার সাহায্য নেওয়া যেতে পারে।

৮. এই উৎসব পালনের জন্য প্রতিটি স্তরে একটি কমিটি গঠন করতে হবে। একইভাবে প্রতিটি স্তরে পুরস্কার প্রাপক নির্বাচন করার জন্য একটি নির্বাচক কমিটি গঠন করতে হবে। প্রতিটি স্তরের সংগঠন কমিটি নিম্নলিখিত ব্যক্তিদের নিয়ে করতে হবে। এছাড়াও প্রয়োজন মতো আরও কাউকে কমিটিতে নেওয়া যেতে পারে বা উপসমিতি গঠন করা যাবে।

### রাজ্য স্তরে :

১) মন্ত্রী	সভাপতি
২) রাষ্ট্রমন্ত্রী	সহ-সভাপতি
৩) প্রধান সচিব	কার্যকরী সভাপতি
৪) পঞ্চায়েত কমিশনার	আহ্বায়ক-সদস্য
৫) এন.আর.ই.জি.এ. কমিশনার	সদস্য
৬) সমস্ত বিশেষ সচিব	সদস্য
৭) সমস্ত যুগ্ম সচিব	সদস্য
৮) সমস্ত অতিরিক্ত অধিকর্তা	সদস্য
৯) সমস্ত যুগ্ম অধিকর্তা	সদস্য

### জেলা স্তরে :

১) সভাপতি	সভাপতি
২) জেলা শাসক	সহ-সভাপতি
৩) সহ-সভাপতি	সদস্য
৪) অধ্যক্ষ	সদস্য
৫) পুলিশ সুপার	সদস্য
৬) সমস্ত অতিরিক্ত জেলা শাসক	সদস্য
৭) সমস্ত কর্মাধ্যক্ষ	সদস্য
৮) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, জেলা পরিষদ	সদস্য
৯) সচিব, জেলা পরিষদ	আহ্বায়ক- সদস্য
১০) জেলা স্তরের আধিকারিকগন (পুলিশ সহ)	সদস্য
১১) সমস্ত মহকুমা শাসক	সদস্য
১২) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক	সদস্য
১৩) বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি	সদস্য
১৪) বিভিন্ন গন সংগঠনের প্রতিনিধি	সদস্য
১৫) বিভিন্ন কর্মচারী সংগঠনের প্রতিনিধি	সদস্য

### পঞ্চায়েত সমিতি স্তরে :

১) সভাপতি	সভাপতি
২) নির্বাহী আধিকারিক	সহ-সভাপতি
৩) সহ-সভাপতি	সদস্য
৪) সমস্ত কর্মাধ্যক্ষ	সদস্য
৫) ব্লক স্তরের সকল আধিকারিক (পুলিশ সহ)	সদস্য
৬) পঞ্চায়েত উন্নয়ন আধিকারিক	আহ্বায়ক-সদস্য

- ৭) সমস্ত রাজনৈতিক দল ও গণ সংগঠনের প্রতিনিধি  
৮) পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা

সদস্য  
সদস্য

### গ্রাম পঞ্চায়েত স্তরে

- ১) প্রধান  
২) উপ-প্রধান  
৩) পঞ্চায়েতের সমস্ত সদস্য  
৪) পঞ্চায়েতের সমস্ত আধিকারিক ও কর্মী  
৫) পঞ্চায়েতের সচিব  
৬) সমস্ত রাজনৈতিক দল ও গণ সংগঠনের প্রতিনিধি

সভাপতি  
সহ-সভাপতি  
সদস্য  
সদস্য  
আহ্বায়ক সদস্য  
সদস্য

আপনার বিশ্বস্ত,  
স্বা:

(ত্রিলোচন সিং)

প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর

নং- ৭৭০৬/১(১৩)/পি.এন./ও/১/৩সি-১৪/২০০৯

তাং- ১৫/১১/২০১০

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল:-

- ১) শ্রী দেবাশিষ মিত্র, বিশেষ সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, জেশপ বিল্ডিং, কলকাতা-১  
২) কমিশনার, এন.আর.ই.জি.এ. কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, জেশপ বিল্ডিং, কলকাতা-১  
৩) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পঞ্চায়েত ভবন, কলকাতা-১  
৪) শ্রী/শ্রীমতী.....  
৫) অতিরিক্ত নির্বাহী আধিকারিক ..... জেলা পরিষদ  
৬) সচিব,..... জেলা পরিষদ  
৭) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক..... জেলা  
৮) মহকুমা শাসক.....  
৯) সভাপতি.....পঞ্চায়েত সমিতি  
১০) নির্বাহী আধিকারিক.....পঞ্চায়েত সমিতি। তাঁকে অনুরোধ করা হচ্ছে ঐ পঞ্চায়েত সমিতির অন্তর্গত সকল গ্রাম পঞ্চায়েতের প্রধানদের এই নির্দেশিকার প্রতিলিপি দ্রুত প্রেরণ করার জন্য।  
১১) মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একান্ত সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ।  
১২) মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের একান্ত সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ।

স্বা:

(ত্রিলোচন সিং)

প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর